# আল-কলম | Al-Qalam | ٱلْقَلَم

আয়াতঃ ৬৮ : ১১

## আরবি মূল আয়াত:

هَمَّازٍ مَّشَّآءٍ بِنَمِيمٍ ﴿١١﴾

## অনুবাদসমূহ:

পিছনে নিন্দাকারী ও যে চোগলখুরী করে বেড়ায়, — আল-বায়ান

যে পশ্চাতে নিন্দা করে একের কথা অপরের কাছে লাগিয়ে ফিরে, — তাইসিরুল

পশ্চাতে নিন্দাকারী, যে একের কথা অপরের নিকট লাগিয়ে বেড়ায় – — মুজিবুর রহমান

[And] scorner, going about with malicious gossip - — Sahih International

### ১১. পিছনে নিন্দাকারী, যে একের কথা অন্যের কাছে লাগিয়ে বেড়ায়(১),

(১) কুরআন ও হাদীসের বিভিন্ন স্থানে যারা "পিছনে নিন্দাকারী, যে একের কথা অন্যের কাছে লাগিয়ে বেড়ায়" তাদের নিন্দা করা হয়েছে। তাদের সম্পর্কে কঠিন সাবধানবাণী শোনানো হয়েছে। এক হাদীসে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "কাত্তাত (যে একের কথা অন্যের কাছে লাগিয়ে বেড়ায় সে) জান্নাতে প্রবেশ করবে না।" [বুখারীঃ ৬০৫৬]

তাফসীরে জাকারিয়া

### (১১) পশ্চাতে নিন্দাকারী, যে একের কথা অপরের নিকট লাগিয়ে বেড়ায়।

-

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5282

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন